বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ ... 01 AUG 1989 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ৪ ...

# তেজগাঁ কলেজের ১০৮ জন ছাত্রছাত্রীর অভিযোগ

(স্টাফ রিপোর্টার)

তেজগাঁ কলেজের ১০৮ জন ছাত্র-ছাত্রী এক যুক্ত বিবৃতিতে কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে টাকার বিনিময়ে ফেল করা ছাত্র-ছাত্রীদের পাস করানোর অভিযোগ এনেছেন।

যুক্ত বিবৃতিতে স্বাক্ষরকারী ছাত্র-ছাত্রীরা জানান একাদশ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীতে উত্তরণের পরীক্ষায় যারা ফেল করেছেন, কলেজ কর্তৃপক্ষ টাকার বিনিময়ে তাদের পাস করাচ্ছেন। ফেল করা বিষয়ের সংখ্যার ভিত্তিতে টাকার অংক নির্ধারণ করা হয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

বিবৃতিদানকারী ছাত্র-ছাত্রীরা টাকার বিনিময়ে পাসের ব্যবস্থা প্রত্যাহার, এ পর্যন্ত গৃহীত টাকা ফেরত প্রদান, কলেজ কার্যবিবরণী অনুসারে সেমিস্টার পদ্ধতি চালুকরণ এবং সাপ্তাহিক পরীক্ষা গ্রহণ ও ক্লাসে নিয়মিত পারসেন্টেজ লিপিবদ্ধ করে ছাত্র-ছাত্রীদের ভাল ফলাফল করার পরিবেশ সৃষ্টির দাবী জানিয়েছেন।